MAR. 1 8 2001
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা 2 ... কলাম ... ৬.....

# সরকারি কলেজ শিক্ষকদের পদোন্নতি দেয়ার আহ্বান

বাংলাদেশ সরকারি কলেজ শিক্ষক পরিষদের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির এক জরুরি সভা ১৬ মার্চ সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে পরিষদের সভাপতি অধ্যক্ষ মোঃ আলী আকবর খান ডলারের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। পরিষদের ভারপ্রাপ্ত মহাসচিব মতিউর রহমান গাজ্জালী উদ্ভূত পরিস্থিতি ব্যাখ্যা করেন। সভায় বিভিন্ন বক্তা দীর্ঘ ৫ বছর যাবৎ সরকারি কলেজে পদোন্নতি বন্ধ থাকায় হতাশা ও ক্ষোভ প্রকাশ করেন। সভায় সিদ্ধান্ত হয়, ৩০ মার্চের মধ্যে পদোন্নতির ক্ষেত্রে সৃষ্ট সব জটিলতা নিরসন করে সরকারি কলেজ শিক্ষকদের সব স্তরে পদোন্নতির ব্যবস্থা করতে হবে। অন্যথায় ৩১ মার্চ পরিষদের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভায় বৃহত্তর কর্মসূচি ঘোষণা করা হবে। সংবাদ বিজ্ঞপ্তি।